দৈনিক বাংলা

তারিখ ... 20 MAR 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৬ ...

52

# এনাটমি শিক্ষায় জটিলতা দূর করুন ঃ বি চৌধুরী

**স্টাফ রিপোর্টার ঃ** স্নাতকপর্বে এনাটমি শিক্ষা আরো প্রয়োগমুখী, সহজ ও আকর্ষণীয় করা এবং বর্তমান কারিকুলাম থেকে অহেতুক জটিলতা দূর করার আহ্বান জানিয়েছেন সংসদ উপনেতা অধ্যাপক ডাঃ বদরুদ্দোজা চৌধুরী।

রোববার সকালে আইপিজিএমআর সম্মেলন কক্ষে এনাটমিক্যাল সোসাইটি অব বাংলাদেশ-এর প্রথম বার্ষিক সম্মেলন ও স্নাতকপর্বে এনাটমি শিক্ষণবিষয়ক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় সংসদ উপনেতা ও প্রখ্যাত চিকিৎসক অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী এ আহ্বান জানান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক ও এনাটমিক্যাল সোসাইটি অব বাংলাদেশ-এর আহবায়ক প্রফেসর এ কে শামসুদ্দিন সিদ্দিকী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ। এ ছাড়া বক্তৃতা করেন অধ্যাপিকা গুলশান আরা, অধ্যাপক এম এ হাই ফকির ও ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ।

সংসদ উপনেতা বলেন, আমরা প্রতিনিয়ত 'চিকিৎসা ব্যবস্থা' কথাটি বলি ও লিখে থাকি। তিনি বলেন, কথাটি হবে 'স্বাস্থ্য ব্যবস্থা'। কেননা, আধুনিক বিশ্বে সর্বাধিক গুরুত্ব দেয়া হয় রোগ প্রতিরোধের ওপর। তিনি বলেন, এনাটমি চিকিৎসা বিজ্ঞানের ভিত্তি। এই বিষয়ে দক্ষতার ওপর চিকিৎসার মান অনেক অংশে নির্ভর করে। কিন্তু স্নাতকপর্বের বর্তমান এনাটমি কারিকুলাম ও শিক্ষা পদ্ধতি ছাত্র-ছাত্রীদের ভীত করে দেয়। তিনি হাসতে হাসতে বলেন, আমিও এনাটমির ভয়ে ডাক্তারী পড়া ছেড়ে দিতে চেয়েছিলাম। তিনি বলেন, এই সাবজেক্টে এ এমন অনেক কিছু পড়ানো হয় যা একজন চিকিৎসকের পরবর্তী জীবনে কোন প্রয়োজনে পড়ে না।

সংসদ উপনেতা বর্তমান কর্মশালার মধ্য দিয়ে এনাটমি শিক্ষাদানের কৌশল ও মান উন্নততর এবং অধিক প্রয়োগমুখী ও আধুনিক করার পদ্ধতি নির্ণয়ের আহবান জানান।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ এনাটমি বিষয়ে শিক্ষকদের পদ সৃষ্টি, শূন্য পদ পূরণ এবং এনাটমি শিক্ষার উন্নয়ন ও আধুনিকীকরণের জন্য সুনির্দিষ্ট প্রস্তাব দেয়ার আহবান জানান।

সভাপতির বক্তব্যে স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক এ কে শামসুদ্দিন সিদ্দিকী বলেন, একটি জনহিতকর জবাবদিহিমূলক স্বাস্থ্য নীতি তৈরির উদ্দেশ্যে বর্তমান সরকারের সদিচ্ছার ব্যাপারে আমরা সবাই অবহিত। তিনি বলেন, 'প্রয়োগমুখী এনাটমি শিক্ষণ' এর মাধ্যমে চিকিৎসা বিজ্ঞানের ভিতকে আরো যুগোপযোগী করাই হলো এনাটমিক্যাল সোসাইটির মূল লক্ষ্য।

পাঁচ দিনব্যাপী এই কর্মশালায় মোট ছয়টি বৈজ্ঞানিক প্রবন্ধ উপস্থাপন করা হবে।